প্রথম আলো

তারিখ 8 MAY 2017
পৃষ্ঠা ৪ কলাম ৬

# একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন কাল শুরু

নিজস্ব প্রতিবেদক ●

ভর্তিতে শিক্ষার্থীর পছন্দক্রম ও যোগ্যতা (এসএসসি ও সমমানের ফল) অনুযায়ী শিক্ষা বোর্ড থেকেই একটি কলেজ ঠিক করে দেওয়ার নিয়ম রেখে গতকাল রোববার একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। ভর্তির জন্য অনলাইন ও এসএমএসের মাধ্যমে আগামীকাল ৯ মে মঙ্গলবার থেকে আবেদন গ্রহণ শুরু হবে। চলবে ২৬ মে পর্যন্ত।

অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০ টাকা ফি দিয়ে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ বা সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রম দিয়ে আবেদন করতে হবে। আর এসএমএসের মাধ্যমে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ১২০ টাকা ফি দিয়ে আবেদন করতে হবে। এরপর একজন শিক্ষার্থী যতগুলো শিক্ষাপ্রতিষ্ঠানে আবেদন করবে, তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি কলেজ নির্ধারণ করে দেওয়া হবে। অনলাইনের জন্য www.xiclassadmission.gov.bd ঠিকানায় এবং টেলিটকে এসএমএসের মাধ্যমে আবেদন করতে হবে।